

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় দেশ সেরা

প্রকাশিতঃ এপ্রিল ২০, ২০২১



স্টাফ রিপোর্টার,  
গাজীপুর ॥  
আন্তর্জাতিক  
মানদন্ডে বঙ্গবন্ধু  
শেখ মুজিবুর  
রহমান কৃষি  
বিশ্ববিদ্যালয়

বশেমুরকৃবি) বাংলাদেশের সরকারী-বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে গবেষণা, উদ্ভাবন ও সামাজিক অবস্থান এইতিন সূচকে দেশ সেরা হয়েছে। বিশ্বখ্যাত সিমাগো ইনস্টিটিউট র্যাংকিংয়ের ২০২১ সংস্করণে প্রকাশিত প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। মঙ্গলবার বশেমুরকৃবি জনসংযোগ বিভাগ এ তথ্য জানিয়েছে।

বশেমুরকৃবি জানায়, বিশ্বের বিভিন্ন দেশের ৪ হাজার ১২৬টি বিশ্ববিদ্যালয় নিয়ে স্পেনের সিমাগো-স্কোপাস জরীপে পরিচালিত হয়। ওই জরীপে কৃষি ও জীববিজ্ঞান শাখায় বশেমুরকৃবি বিশেষ ৪৭২তম, এশিয়া অঞ্চলে ২০৬তম এবং বাংলাদেশের ২৮টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে প্রথম স্থান লাভ করেছে। অন্যদিকে জীব রসায়ন, জেনেটিক্স ও মলিকুলার বায়োলজী শাখায় বশেমুরকৃবি বিশেষ ৫৪১তম, এশিয়া অঞ্চলে ২৪৭তম এবং বাংলাদেশে প্রথম স্থানে রয়েছে। একই ইনডেক্স জরীপে বশেমুরকৃবি গত ২০১৯ এবং ২০২০

সালে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে যথাক্রমে চতুর্থ ও দ্বিতীয় স্থান লাভ করেছিল।

বিশ্ববিদ্যালয় সূত্র আরো জানায়, বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম পরিচালনা, আন্তর্জাতিকমানের গবেষণা এবং এ স্বীকৃতি অর্জনের সাথে সংশ্লিষ্ট কার্যক্রমে নিরলস প্রচেষ্টার জন্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ গিয়াসউদ্দীন মিয়া সকল শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীকে অভিনন্দন জানিয়েছেন। একই সাথে কৃষিবান্ধব সরকার বিশেষ করে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং অন্যান্য সকলের সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি আশা প্রকাশ করেন বিশ্ববিদ্যালয়ের এ সাফল্য উত্তরোত্তর আরও বৃদ্ধি পাবে।

এছাড়াও এবার দেশসেরার মধ্যে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (মাভাবিপ্রবি) ও ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) যথাক্রমে শীর্ষ দুই ও তিন নম্বরে রয়েছে। এবার দেশের শীর্ষ ১০ বিশ্ববিদ্যালয়ের মধ্যে চার নম্বরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, পঞ্চম বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল বিশ্ববিদ্যালয়, ৬ষ্ঠ খুলনা বিশ্ববিদ্যালয়, ৭ম বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ৮ম জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ৯ম বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ও ১০ম স্থানে রয়েছে যথাক্রমে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও বেসরকারি বিশ্ববিদ্যালয় ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ (আইইউবি)। বাংলাদেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে আইইউবি প্রথম স্থান অধিকার করে সম্মিলিত তালিকায় ১০ম হয়েছে।

এর আগে গত বছরের (২০২০) র্যাংকিংয়ে শীর্ষ তিন বিশ্ববিদ্যালয় ছিল যথাক্রমে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয়।

সিমাগো ইনস্টিটিউশন র্যাংকিংয়ের ২০২১ সংস্করণে বিশ্বসেরা তালিকার শীর্ষস্থানে রয়েছে যুক্তরাষ্ট্রের হার্ভার্ট বিশ্ববিদ্যালয়, র্যাংকিংয়ের দ্বিতীয় যুক্তরাষ্ট্রের হার্ভার্ট মেডিকেল স্কুল, তৃতীয় চীনের তাসিনগুয়া বিশ্ববিদ্যালয়, চতুর্থ ও পঞ্চম অবস্থানে যথাক্রমে যুক্তরাষ্ট্রের স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয় ও ম্যাসাচুসেট্‌স ইন্সটিটিউট অব টেকনোলজি (এমআইটি)।

জানা গেছে, স্পেনভিত্তিক সিমাগো ইনস্টিটিউশনস র্যাংকিং হলো আন্তর্জাতিক র্যাংকিংয়ে প্রতিষ্ঠান যেখান থেকে সিমাগো ল্যাব ও বিশ্বের বৃহত্তম বৈজ্ঞানিক প্রকাশক, এলসেভিয়ারের মালিকানাধীন স্কপাসবিজ্ঞান গবেষণায় অবদানের জন্য প্রতি বছর শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের র্যাংকিং প্রকাশ করা হয়ে থাকে।

২০২১ সালে সারা বিশ্ব থেকে ৪ হাজার ১২৬টি বিশ্ববিদ্যালয় এই তালিকায় জায়গা পেয়েছে। স্কপাস ডাটাবেইজে কমপক্ষে ১০০টি গবেষণা প্রকাশিত হয়েছে এমন সব প্রতিষ্ঠানকেই এই র্যাংকিংয়ের বিবেচনায় নেয়া হয়েছে। গবেষণা, উদ্ভাবন এবং সামাজিক প্রভাব- এই তিনটি বিষয়ের উপর ভিত্তি করে প্রতি বছরের এপ্রিল মাসে এ র্যাংকিং প্রকাশ করে তারা। ২০০৯ সাল থেকে এ প্রতিষ্ঠানটি নিয়মিত বিশ্ববিদ্যালয়ের র্যাংকিং প্রকাশ করে আসছে।

প্রকাশিতঃ এপ্রিল ২০, ২০২১ [প্রিন্ট](#)